দৈনিক খবর

তারিখ ..27 JUL 1990...
পৃষ্ঠা...

ডকুমেন্টেশন
কেন্দ্র

C52

# এসএসসি পরীক্ষার আজ ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষার ফলাফল আজ বৃহস্পতিবার প্রকাশ করা হবে।

ইতিমধ্যেই ফলাফল প্রকাশের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং আজ ভোরে প্রত্যেক বোর্ড অফিসে ফলাফল টানিয়ে দেয়া হবে। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম আজ সকাল দশটায় শিক্ষা

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## এসএসসি

প্রথম পৃষ্ঠার পর

মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে সকল দৈনিক সংবাদপত্রের প্রতিনিধি, রেডিও, টিভি ও সংবাদ সংস্থাকে ফলাফল সংক্রান্ত দলিল ব্যক্তিগতভাবে প্রদান করবেন। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বিভাগের কর্মকর্তা এবং সকল শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা উপস্থিত থাকবেন।